দৈনিক বাংলা

তারিখ ...01 JAN 1997...
পৃঃ ৭ কলাম ৮

# আজ জাতীয় প্রাথমিক শিক্ষা পক্ষ শুরু

পয়লা জানুয়ারী হতে জাতীয় প্রাথমিক শিক্ষা পক্ষ শুরু হবে এবং আগামী ১৫ জানুয়ারী '৯৭ পর্যন্ত এ পক্ষ উদযাপন করা হবে। জনসাধারণকে প্রাথমিক শিক্ষার প্রতি সচেতন ও উদ্বুদ্ধ করে দেশ থেকে আগামী ১০ বছরের মধ্যে নিরক্ষরতা দূরীকরণের মাধ্যমে একটি উন্নত দেশ গঠন করাই এ পক্ষ উদযাপনের উদ্দেশ্য। খবর তথ্য বিবরণীর।

এ পক্ষের প্রথম দিনে অভিভাবক ওয়ার্ড সদস্য/ ওয়ার্ড কমিশনার ও স্থানীয় জনসাধারণকে নিয়ে সভার আয়োজন করে বিদ্যালয়ের বার্ষিক কার্যাবলী অবগত করানোসহ জনগণকে প্রাথমিক শিক্ষা সম্পর্কে উৎসাহী করে তোলার জন্য ব্যবস্থা নেয়া হবে। পক্ষের প্রথম দিন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে নতুন বছরের বই বিতরণ শুরু করা হবে।

থানা পর্যায়ে গুরুত্বপূর্ণ অফিস এবং গুরুত্বপূর্ণ স্থানসমূহ ব্যানার, ফেস্টুন, পোস্টার প্রভৃতি দ্বারা সুসজ্জিত করা হবে। শিক্ষানুরাগী ব্যক্তি, অভিভাবক ও শিক্ষক সমন্বয়ে র‍্যালীর আয়োজন করা হবে। সাংস্কৃতিক অনুষ্ঠান এবং জনপ্রিয় শিল্পীদের দিয়ে জারী সারি, ভাওয়াইয়া, ভাটিয়ালী কবি গানের আয়োজনও থাকবে। ছাত্র-ছাত্রীদের মধ্যে আবৃত্তি, বিতর্ক এবং সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে এবং বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হবে।

এ পক্ষের সফল বাস্তবায়নে সর্বাত্মক সহযোগিতা করার জন্য শিক্ষা মন্ত্রণালয়, বিজ্ঞান, ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের মন্ত্রী এ এস এইচ কে সাদেক সকল সংসদ সদস্যকে বিশেষভাবে অনুরোধ করেছেন।